দৈনিক সংবাদ

তারিখ 18 SEP 1998
পৃষ্ঠা 2 কলাম 3

কৃষি বিশ্ববিদ্যালয়

# আসন সংখ্যার অতিরিক্ত ছাত্র ভর্তি

(নিজস্ব বার্তা পরিবেশক)

ময়মনসিংহ ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে ৬টি অনুষদে ছাত্রছাত্রী ভর্তির ক্ষেত্রে নির্ধারিত আসন সংখ্যার চেয়ে নিয়ম বহির্ভূতভাবে অতিরিক্ত ছাত্রছাত্রী ভর্তি করার অভিযোগ পাওয়া গেছে।

অনুষদওয়ারী বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের আসনসংখ্যা যথাক্রমে ঃ ভেটেরিনারি অনুষদ ১০০টি, কৃষি অনুষদ ২৫০টি, পশুপালন অনুষদ ৮০টি, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুষদ ৬০টি কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদ ৭৫ এবং মাৎস্যবিজ্ঞান অনুষদ ৮০টি।

এ ছাড়া, মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য কৃষি অনুষদে ৩টি এবং বাকি ৫টি অনুষদে ২টি করে মোট ১৩টি এবং পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতীয় ছাত্রছাত্রীদের ৩টি ও অন্যান্য জেলার উপজাতীয়দের জন্য ২টি এই নিয়ে সর্বমোট ১৮টি। সব মিলিয়ে ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে মোট আসনসংখ্যা ৬শ' ৬৩টি। ওরিয়েন্টেশন স্মরণিকার হিসাব অনুযায়ী ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে কৃষি বিশ্বদ্যািলয়ে ভর্তি করা হয়েছে ৬শ' ৬৬ জন ছাত্রছাত্রীকে। সংরক্ষিত আসনসহ ভেটেরিনারি অনুষদে ১০২টি আসনে ভর্তি করা হয়েছে ১১০ জন, কৃষি অনুষদে ২৫৩টি আসনে ভর্তি করা হয়েছে ২৫৬ জন, কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদে ৬২টি আসনে ৬৩টি জন। এছাড়া কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদে ৭৭টি আসনে ৭৫ জন, মাৎস্য বিজ্ঞান অনুষদে ৮২টি আসনে ৮০ জন এবং পশুপালন অনুষদের ৮০টি আসনে ৮০ জন ভর্তি করা হয়েছে।

অভিযোগ উঠেছে, একটি প্রভাবশালী মহলের ইন্ধনে অপেক্ষমাণ তালিকা হতে মেধা তালিকায় স্থান লাভকারী ছাত্রছাত্রী ভর্তি না করে কম নম্বরধারী ছাত্রছাত্রীদের ভর্তি করা হয়েছে।